



এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি)

SDS (Shariatpur Development Society)

বিজ্ঞপ্তি নং: ২০২৪-২০২৫.০০০.৩৪

তারিখ: ০১/০৬/২০২৫ইং


জরুরি নিয়োগ বিজ্ঞপ্তি

সবার জন্য বসবাসযোগ্য, ন্যায় ও সমতা ভিত্তিক এবং দারিদ্র্যমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে ১৯৯১ সাল থেকে এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি) জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা হিসেবে বাংলাদেশের ১২টি জেলায় উন্নয়নমূলক কার্যক্রমা বাস্তবায়ন করছে। দাতা সংস্থা Start Network এর অর্থায়নে পরিচালিত Start Network Solidarity Fund প্রকল্প বাস্তবায়নে নিম্নোক্ত পদে নিয়োগের জন্য অগ্রহী ও যোগ্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	: প্রজেক্ট অফিসার
সংস্থার নাম	: এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি)
পদ সংখ্যা	: ০১ (এক) জন
প্রকল্পের কর্মসূচী	: শরীয়তপুর জেলার সদর, জাজিরা ও গোসাইরহাট উপজেলা।
প্রকল্পের সময়কাল	: ৭ (সাত) মাস।
বেতনভাতা	: ৩৩,০০০ (তেরিশ হাজার) টাকা।
অন্যান্য সুবিধা	: প্রকল্পের বরাদ্দকৃত বাজেট অনুযায়ী প্রযোজ্য।
শিক্ষাগত যোগ্যতা	: অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা অথবা প্রাসঙ্গিক বিষয়ে স্নাতক প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে)
অভিজ্ঞতা	: দুর্যোগ ব্যবস্থাপনা/আবহাওয়া ও জলবায়ু পরিবর্তন/দুর্যোগের পূর্বে ও পরবর্তী সচেতনামূলক কার্যক্রম নিয়ে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
দায়িত্ব ও কর্তব্য	<ul style="list-style-type: none">• অনুমোদিত পরিকল্পনা এবং বাজেট অনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা।• দুর্যোগ ঝুঁকি হ্রাস ও জলবায়ু পরিবর্তন অভিযোজন একীভূত করার জন্য স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিগুলির দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণের আয়োজন করা।• বিভিন্ন ধরনের ঝুঁকি বিবেচনা করে, আপদকালীন উন্নয়ন পরিকল্পনা তৈরির জন্য কর্মশালা পরিচালনা করা।• দুর্যোগে ক্ষতিগ্রস্তদের বিকল্প জীবিকা অন্বেষণের জন্য সরকারি কর্মকর্তাদের (সমাজ সেবা, যুব উন্নয়ন, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, কৃষি, বন ও পরিবেশ, স্থানীয় সরকার প্রতিনিধি এবং অন্যান্য সংশ্লিষ্ট বিভাগ) সাথে সমন্বয় রক্ষা করা।• প্রকল্প বাস্তবায়নের জন্য অন্যান্য এনজিও এবং সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় রক্ষা করা।• অভ্যন্তরীণ/বহিরাগত স্টেকহোল্ডারদের প্রশিক্ষণ ইভেন্ট, সেমিনার, কর্মশালা, প্রচারাভিযান বাস্তবায়নে সহযোগিতা করা।• মাসিক, ত্রৈমাসিক, অর্ধবার্ষিক, বার্ষিক অগ্রগতি প্রতিবেদন ও ভাল অনুশীলনের নথি প্রস্তুত ইত্যাদি কার্যক্রমে ব্যবস্থাপককে সহযোগিতা করা।• দাতা সংস্থার চাহিদা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ।• প্রকল্পের সফল বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সেক্টরের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা।
বয়স	: ২৫-৩৫ বছর (অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য)
আবেদন পাঠানোর ঠিকানা এবং যোগাযোগের নম্বর	: এসডিএস প্রধান কার্যালয়, সদর রোড, শরীয়তপুর-৮০০০, বাংলাদেশ। টেলিফোন: ০২৪৭৮৮১৫৪০৫, ০২৪৭৮৮১৫৪০৬ এবং মোবাইল: ০১৩২৫-০৬০২০৩
ই-মেইল	: recruitmentsdsbd@gmail.com
আবেদন পাঠানোর শেষ তারিখ	: ১৪ জুন, ২০২৫ইং

অগ্রহী প্রার্থীদের সংস্থার নির্বাহী পরিচালক বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, নাগরিকত্ব সনদ, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করতে হবে এবং ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অভিজ্ঞতার সনদপত্রের কপি সংযুক্ত করতে হবে।

প্রার্থীর প্রত্যন্ত গ্রামাঞ্চলে কাজ করার মানসিকতা থাকতে হবে। আবেদনপত্র বাছাই সাপেক্ষে যোগ্য প্রার্থীদের মোবাইল ফোনে লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ জানানো হবে। নিয়োগ সম্পর্কিত কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।


০১.০৬.২০২৫
উপ-পরিচালক
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ, এসডিএস।

Sadar Road, Shariatpur, Post Code-8000, Bangladesh.

Cell: 01325060185, Tel: 02478815406, web: www.sdsbd.org, e-mail: sds.shariatpur@gmail.com

Reg. No. Social Welfare: Shari-77/92, NGO Affairs Bureau: 794/93, Microcredit Regulatory Authority: 0374-04616-00229